



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-ক/অ/

তারিখঃ

প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

প্রাপক : অধ্যক্ষ  
শিপইয়ার্ড স্কুল এন্ড কলেজ  
শিপইয়ার্ড, খুলনা সদর,  
খুলনা।

বিষয় : ব্যবসায় শিক্ষা বিভাগে আবশ্যিক বিষয় হিসেবে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ঐচ্ছিক বিষয় হিসেবে কৃষি শিক্ষা খোলার  
অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) অধ্যক্ষ মহোদয়ের ১৪-০৭-২০১৩ তারিখের আবেদন।  
খ) NCTB কর্তৃক প্রণীত সংশোধিত বিষয় কাঠামো সম্পর্কিত নির্দেশনাবলী।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনার কলেজে নিম্নবর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে ব্যবসায় শিক্ষা  
বিভাগে ২০১৩-২০১৪ শিক্ষা বর্ষ হতে আবশ্যিক বিষয় হিসেবে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ঐচ্ছিক বিষয় হিসেবে কৃষি শিক্ষা  
বিষয় খোলার ও পাঠদানের অনুমতি সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ০১ (এক) বছরের জন্য প্রদান করা হল।

### শর্তাদি :

- ১। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয় পাঠদানের জন্য মার্কেটিং অথবা ইন্টারন্যাশনাল বিজনেস অথবা ম্যানেজমেন্ট  
বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ধারী শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ২। এমপিও না হওয়া পর্যন্ত কলেজের স্ব-অর্থায়নে NTRCA সনদধারী শিক্ষক নিয়োগ ও মহিলা কোটা পূরণ করতে হবে।
- ৩। কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৪। লাইব্রেরীতে পাঠ সহায়ক বই থাকতে হবে ও বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ ক্রয় করতে হবে।
- ৫। পরীক্ষার পূর্বেই প্রতি বিষয়ে ১০০০/- (এক হাজার) টাকা জমা করে বিশেষ অনুমতি নিতে হবে।
- ৬। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং-ক/অ/১২৪৬(৭) ৪

তারিখঃ ২৭/৫/১৪

সদয় অনুমোদন ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল।

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৫। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সংরক্ষণ নথি।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।